দৈনিক বাংলা

12 AUG 1988 003

তারিখ ১২/৮/৮৮
পৃষ্ঠা ১ কলাম ২

শিক্ষা কমিশনের সুপারিশ

# ৬টি শিক্ষাবোর্ডকে একই প্রশাসনিক ব্যবস্থায় আনা প্রয়োজন

॥ হাসান হাফিজ ॥

দেশের ৬টি শিক্ষা বোর্ডকে একই প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাপনার আওতায় আনার জন্যে শিক্ষা কমিশন সুপারিশ করেছে। বাংলাদেশ জাতীয় মাধ্যমিক শিক্ষা কাউন্সিল নামে প্রস্তাবিত এই প্রতিষ্ঠানের ছত্রচ্ছায়ায় শিক্ষা বোর্ডগুলি বিকেন্দ্রিকভাবে তাদের দায়িত্ব ও কর্তব্য সম্পাদন করবে।

শিক্ষা কমিশন রিপোর্টে প্রস্তাবিত কাউন্সিলের রূপরেখা উপস্থাপন করা হয়েছে। রিপোর্টে বলা হয়: প্রস্তাবিত কাউন্সিল স্থাপনের জন্যে শিক্ষা বোর্ডগুলিতে বিদ্যমান আলাদা আলাদা আইন ও অধ্যাদেশের পরিবর্তে একটিমাত্র আইন বা অধ্যাদেশ জারি করার প্রয়োজন হবে।

কাউন্সিল ঢাকায় স্থাপিত হতে পারে। কাউন্সিলের শাখা হিসাবে কারিগরি শিক্ষা বোর্ড এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডও ঢাকায় থাকতে পারে। বর্তমান ৪টি বোর্ড মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী, মাধ্যমিক শিক্ষা বোর্ড কুমিল্লা, মাধ্যমিক শিক্ষা বোর্ড যশোর এবং মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা নাম নিয়ে তাদের বর্তমান স্থান অর্থাৎ রাজশাহী, কুমিল্লা, যশোর ও ঢাকায় অবস্থিত থাকতে পারে। খুঁজে বের করতে চেষ্টা চালানো।

(৫-এর পৃঃ দ্রঃ)

## ৬টি শিক্ষা বোর্ড

১-এর পৃঃ পর

প্রসঙ্গত উল্লেখ করা প্রয়োজন যে শিক্ষার্থী, পরীক্ষার্থীর সংখ্যা বৃদ্ধির প্রেক্ষিতে প্রস্তাবিত কাউন্সিলের শাখারূপে আরো বেশি সাধারণ শিক্ষাবোর্ড প্রতিষ্ঠার প্রয়োজনীয়তা অনুভূত হচ্ছে। অদূর ভবিষ্যতে দেশের চারটি অঞ্চলে আরো চারটি শিক্ষাবোর্ড স্থাপনের বিষয়টি বিবেচনা করা যেতে পারে। এই চারটি অঞ্চল হচ্ছে: চট্টগ্রাম, ময়মনসিংহ, রংপুর ও বরিশাল।

শিক্ষা কমিশন রিপোর্টে বলা হয়: একই পদ্ধতিতে একই প্রশ্নমালায় এবং একই সময়ে সারা দেশে এসএসসি ও এইচএসসি পরীক্ষা, একই সময়ে ফল প্রকাশিত হবে। বর্তমানেও তা চালু আছে। তবে জাতীয় ভিত্তিক একই শিক্ষামান নিয়ে কমিশন প্রশ্ন তুলেছে।

পরীক্ষায় যারা পাস করবে তাদের সার্টিফিকেট দেবে প্রস্তাবিত কাউন্সিল। তবে সংশ্লিষ্ট বোর্ডগুলি তাদের নিজ এলাকার উত্তীর্ণ পরীক্ষার্থীদের সার্টিফিকেট ও মার্কশীট কাউন্সিলের নামে প্রদানের ক্ষমতা প্রাপ্ত হবে। প্রস্তাবিত কাউন্সিল তার শাখাগুলিসহ স্বায়ত্তশাসিত শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে মোটামুটিভাবে বিশ্ববিদ্যালয়সমূহের মত পরিচালিত হবে। কাউন্সিলের বাজেট হবে সরকার অনুমোদিত। কাউন্সিল ও তার শাখাগুলির জন্যে একটিই বাজেট হবে। তবে শাখাগুলির জন্যে আলাদা আলাদা বজেট বরাদ্দ ও আয়-ব্যয় দেখাতে হবে।

প্রস্তাবিত কাউন্সিলের জন্যে একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন পরিচালনা বোর্ড থাকবে। এর ক্ষমতা, দায়িত্ব ও কর্তব্য হবে মোটামুটিভাবে বিশ্ববিদ্যালয়সমূহের সঙ্গে সরকারের সম্পর্কের মতো। যাতে ক্ষমতা প্রয়োগ, দায়িত্ব পালন ও কর্তব্য সম্পাদনে কাউন্সিল তার শাখাগুলিসহ পূর্ণ স্বায়ত্তশাসিত শিক্ষা প্রতিষ্ঠানরূপে পরিচালিত হতে পারে। বর্তমানে শিক্ষা বোর্ডগুলি পুরোপুরি সরকার নিয়ন্ত্রণে পরিচালিত হয়।

শিক্ষা বোর্ডগুলির কার্যক্রম,